

তারিখ : ১৩ আগস্ট, ২০২৩

স্মারক নং : রিহাব/ রি: হাঃ ফেঃ সাঃ ২০২৩/২০২৩-৩/১২৫০৬

বরাবর

সম্মানিত সকল সদস্য

রিয়াল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)।

বিষয় : রিহাব আয়োজিত সংযুক্ত আরব আমিরাতে সারজাহ্ শহরে রিহাব হাউজিং ও রেমিট্যান্স ফেয়ার, দুবাই (সারজাহ্) ২০২৩-এ সময় পরিবর্তন প্রসঙ্গে।

সূত্র: ১ তারিখ : ১৮ মার্চ, ২০২৩- স্মারক নং : রিহাব/ রি: হাঃ ফেঃ সাঃ ২০২৩/২০২৩/১২২৪৬

সূত্র: ২ তারিখ : ০৫ জুলাই, ২০২৩ স্মারক নং : রিহাব/ রি: হাঃ ফেঃ সাঃ ২০২৩/২০২৩-২/১২৫২৩

জনাব

রিয়াল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

সূত্রে উল্লেখিত পত্র অনুসারে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রিহাব পরিচালনা পর্ষদ নির্বাচন (২০২৩-২০২৫) উপলক্ষে রিহাবের পক্ষ থেকে সংযুক্ত আরব আমিরাতে-এর সারজাহ্ শহরের “সারজাহ্ এক্সপো সেন্টারে” আয়োজিত “রিহাব হাউজিং ফেয়ার, সারজাহ্- ২০২৩” এর চূড়ান্ত তারিখ আগামী ১৩, ১৪ ও ১৫ অক্টোবর, ২০২৩ পুনঃনির্ধারণ করা হয়েছে।

প্রসঙ্গতঃ উল্লেখ্য, যে সকল সদস্য ইতোমধ্যে উল্লেখিত ফেয়ারের আনুষ্ঠানিকতা সম্পন্ন করেছেন, তাদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছি। নতুন কোন সদস্য প্রতিষ্ঠান যদি আসন্ন এ ফেয়ারে অংশ গ্রহণ করতে আগ্রহী হন, তাদের রিহাব সচিবালয়ে যোগাযোগ করার জন্য আহ্বান জানানো হচ্ছে। রিহাব পরিচালনা পর্ষদ নির্বাচন (২০২৩-২০২৫) উপলক্ষে সময় পরিবর্তনের কারণে সাময়িক অসুবিধার জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত।

আপনার অংশগ্রহণ নিশ্চিত করে রিহাবের এ আয়োজন সফল করতে সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে-

আলমগীর শামসুল আলামিন (কাজল)

প্রেসিডেন্ট

রিয়াল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)।

